

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৮৯

১২/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২/১৬. প্রত্যেক সৎ কাজকে সদাকাহ নামে অভিহিত করার বর্ণনা।

بيان أن اسم الصدقة يقع على كل نوع من المعروف

আরবী

حَدَّيْثُ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى كُلِّ مُسْلِمٍ صَدَقَةً قَالُوا فَإِنْ لَمْ يَجِدْ
قَالَ فَيَعْمَلُ بِيَدِيهِ فَيَنْفَعُ نَفْسَهُ وَيَتَحَدَّقُ قَالُوا فَإِنْ لَمْ يَسْتَطِعْ أَوْ لَمْ يَفْعَلْ قَالَ فَيُعِينُ ذَا
الْحَاجَةِ الْمَلْهُوفَ قَالُوا فَإِنْ لَمْ يَفْعَلْ قَالَ فِي أَمْرٍ بِالْخَيْرِ أَوْ قَالَ بِالْمَعْرُوفِ قَالَ فَإِنْ لَمْ
يَفْعَلْ قَالَ فَيُمْسِكُ عَنِ الشَّرِّ فَإِنَّهُ لَهُ صَدَقَةٌ

বাংলা

৫৮৯. আবু মুসা আশ'আরী (রায়ি.) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ
প্রত্যেক মুসলিমেরই সাদাকা করা আবশ্যিক। উপস্থিত লোকজন বললঃ যদি সে সাদাকা করার মত কিছু না পায়।
তিনি বললেনঃ তাহলে সে নিজের হাতে কাজ করবে। এতে সে নিজেও উপকৃত হবে এবং সাদাকা করবে। তারা
বললঃ যদি সে সক্ষম না হয় অথবা বলেছেনঃ যদি সে না করে? তিনি বললেনঃ তাহলে সে যেন বিপদগ্রস্ত
মাযলুমের সাহায্য করে। লোকেরা বললঃ সে যদি তা না করে? তিনি বললেনঃ তা হলে সে সৎ কাজের নির্দেশ
দিবে, অথবা বলেছেন, সাওয়াবের কাজের আদেশ দিবে। তারা বললঃ তাও যদি সে না করে? তিনি বললেনঃ তা
হলে সে মন্দ কাজ থেকে বেঁচে থাকবে। কারণ, এটাই তার জন্য সাদাকা।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৭৮: আদব-আচার, অধ্যায় ৩৩, হাঃ ৬০২২; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ১৭, হাঃ ১০০৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরাক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59077>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন